

বাংলাদেশে পল্লী উন্নয়ন বোর্ড  
ইরসেপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬১.১৬. ২৬৫

তারিখ: ১৩ মে ২০২৪

**বিষয়: ব্যাখ্যা তলব।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মনিরামপুর, যশোর উপজেলা দপ্তরের স্মারক নং-৪৭.৬২.৪১.৬১.১০৬.১৬.০০১.১৫/৩৪৫, তারিখ: ০৫/১১/২০১৭ মূলে কর্তব্য কাজে অদক্ষতা, গাফিলতী, অনীহা, কর্তৃপক্ষের আদেশ অমান্য ও সৌজন্যমূলক আচরনের কারণে আপনাকে ব্যাখ্যা তলব করা হয় (সংযুক্তি-১)। এ ছাড়া বিভিন্ন সমিতির কিস্তি আদায় না করা এবং বিতরণকৃত ঋণের মেয়াদোত্তীর্ণ আদায় না করার কারণে স্মারক নং-৪৭.৬২.৪১.৬১.১০৬.১৬.০০১.১৫/১৬, তারিখ: ২৩/০১/২০২৩ মূলে ব্যাখ্যা তলব করা হয় (সংযুক্তি-২)। গত ৩১/৭/২০২৩ তারিখে স্বব্যাখ্যায়িত জবাবে উল্লেখ করেন যে, আগামি ০৩ মাস সময় দিয়ে ব্যাখ্যা তলব থেকে মুক্তি দেওয়ার জন্য আবেদন করেন (সংযুক্তি-৩)।

০২। কিন্তু, গত ২৪/০৪/২০২৪ তারিখের সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় সুফলভোগী সদস্য এককালীন ঋণ পরিশোধ করা সত্ত্বেও ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত নির্দেশনা বহির্ভূতভাবে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করা হয়। এতে প্রতীয়মান হয় আপনি নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ না করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখার জন্য এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী ২১,৭০,১৮৫.০০ বৃদ্ধি পেয়ে তা ৫৫,৯৬,৭২৭.০০ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হচ্ছে। তাই, কিস্তিতে ঋণ আদায় জোরদারকরণসহ নতুন সদস্য অন্তর্ভুক্তি/ সমিতি গঠনপূর্বক ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ নিতে হবে যেন কোন ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত না থাকে। কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ না করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধির কারণ উৎস্রাটনের জন্য প্রকল্প দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১২৯.২২.১২৫৯ তারিখ: ২৭/০৮/২০২৩ মূলে কমিটি গঠন করা হয় (সংযুক্তি-৪)। তৎপ্রেক্ষিতে, উপপরিচালক, যশোর স্মারক নং-৪৭.৬২.৪১০০.৮৫৯.১৮.০০৪.২১.৭৬৮ তারিখ: ২৯/০৯/২০২৩ মূলে প্রতিবেদন প্রেরণ করেন (সংযুক্তি-৫)।

০৩। এমতাবস্থায়, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে চূড়ান্ত ভাবে অপসারণ করা হবে না তার জবাব আগামী ২৬/০৫/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচির স্বার্থে জারি করা হলো।

সংযুক্তি ০৪ ০৫ সেট।



এ, এস, এম, সোলিম্যান  
উপ প্রকল্প পরিচালক

জনাব জাহিদ হোসেনে  
মাঠ সংগঠক, ইরসেপো  
বিআরডিবি, মনিরামপুর, যশোর।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. প্রকল্প পরিচালক, ইরসেপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: যশোর।
৩. উপপ্রকল্প পরিচালক, ইরসেপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা (নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধসহ)।
৪. প্রোগ্রামার, ইরসেপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরসেপো, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
৮. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস/ব্যক্তিগত কপি।